

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৬

আগরতলা, ১ এপ্রিল, ২০২৬

রাজ্যে পেট্রোল, ডিজেল সহ নিত্য প্রয়োজনীয়  
পণ্যের সরবরাহ স্বাভাবিক রয়েছে : সচিব

রাজ্যে পেট্রোল, ডিজেল সহ নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ স্বাভাবিক রয়েছে। আজ খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের আধিকর্তার কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে খাদ্য দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধন একথা জানিয়েছেন।

সাংবাদিক সম্মেলনে তিনি জানান, বর্তমানে রাজ্যে এলপিগি সংযোগ প্রায় ৭০ হাজার। এই সংযোগ বাড়ানোর জন্য কাজ করছে রাজ্য সরকার। বর্তমানে ১৯ কেজি ওজনের কমার্শিয়াল এলপিগি গ্যাসের মূল্য দাঁড়িয়েছে ২,৫৮৭ টাকা।

রাজ্যে পেট্রোল, ডিজেল, এলপিগি এবং নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ নিয়ে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী কাজ করছে রাজ্য সরকার। এলপিগি, পেট্রোল, ডিজেলের যেন কালোবাজারী না হয় তারজন্য খাদ্য দপ্তর বিশেষ ব্যবস্থা নিয়েছে। এদিনের সাংবাদিক সম্মেলনে দপ্তরের অধিকর্তা সুমিত লোধ সহ অন্যান্য আধিকারিকগণও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*